



## মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ  
সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/সাধাঃ-২০২৪/১৪৫৩

তারিখ : ১৫/১২/২০২৪ খ্রি.

### আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

- |    |             |  |
|----|-------------|--|
| ০১ | সভার সভাপতি | : জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২ | সভার নাম    | : আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা।   |
| ০৩ | সভার তারিখ  | : ১২/১২/২০২৪ইং।  |
| ০৪ | সভার বার    | : বৃহস্পতিবার।   |
| ০৫ | সভার সময়   | : সকাল ১০.০০ ঘটিকা।  |
| ০৬ | সভার স্থান  | : মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।   |

### সভার উপস্থিতি- (পরিশিষ্ট-ক)


অত্র পৌরসভার প্রশাসক ও অত্র কমিটির সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় তিনি আইন শৃঙ্খলা বিষয়ে সকলকে সজাগ থাকার আহবান জানান।

আলোচ্য সূচী : (১) সার্বিক আলোচনা : আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা- সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভাল অবস্থায় রয়েছে। আসছে মাসেই ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন করা হবে উল্লেখিত দিবস সমূহ যথাযথ ভাবে পালন সহ থার্টী ফাস্ট নাইট উপলক্ষে মানিকগঞ্জ পৌর এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি যাহাতে শান্তি পূর্ণ অবস্থায় বজায় থাকে তার দিকে খেয়াল রাখতে হবে। প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা হিসেবে পৌর এলাকার আইন শৃঙ্খলা বজায় রাখার দায়িত্ব আমাদের উপরই বর্তায়। মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্ব পূর্ণ। বর্তমানে মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলার অবস্থা সন্তোষজনক। আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে হলে আমাদেরকে সচেতন থাকতে হবে। তিনি আরো বলেন, মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে হলে ওয়ার্ড ভিত্তিক আইন শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করা যেতে পারে এবং গঠিত কমিটি ওয়ার্ড ভিত্তিক আইন শৃঙ্খলা ও মাদকাসক্তির বিরুদ্ধে সচেতনতা মূলক সভা আহবান করে আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রচেষ্টা গ্রহণ করা যেতে পারে। সভায় প্রশাসক জানান যে, আগামী ২৫শে ডিসেম্বর খ্রীষ্টান সম্প্রদায়ের বড়দিন। বড়দিন উপলক্ষে খ্রীষ্টান ও বৌদ্ধ সম্প্রদায় বড় দিনের উৎসব পালন করে থাকে। সে সময় স্বার্থান্বেষী মহল

বিশৃঙ্খলা ঘটাতে পারে। তাছাড়া ৩১ ডিসেম্বর থার্ট ফাস্ট নাইট হিসেবে উৎসব পালন করা হয়ে থাকে। উশৃঙ্খল যুবকেরা সাধারণত বেপরোয়া চলাফেরা করে এবং মাদকাসক্তির প্রভাব বৃদ্ধি পেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাস্তে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ যথাযথ ভাবে উদযাপন সহ ২৫শে ডিসেম্বর খ্রীষ্টান সম্প্রদায়ের বড়দিন ৩১ ডিসেম্বর থার্ট ফাস্ট নাইট হিসেবে উৎসব পালন উপলক্ষ্যে এলাকায় যাহাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির কোন প্রকার অবনতি না হয় সে দিকে লক্ষ রাখতে হবে। পৌর এলাকার বিভিন্ন গুরুত্ব পূর্ণ রাস্তায় আইন শৃঙ্খলা বাহিনীর টহল প্রদানের সুপারিশ করা হলো এবং উল্লেখিত দিবস সমূহে টিনেজ ও যুবক/যুবতীদের উশৃঙ্খল আচরণ প্রতিহত করার ব্যবস্থা গ্রহণের জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ বিভাগ ও আইন শৃঙ্খলা বিভাগকে সচেতন থাকার জন্য সুপারিশ গৃহিত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৫/১২/২০২৪  
(সানজিদা জেসমীন)  
সানজিদা জেসমীন  
প্রশাসক প্রশাসক  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ  
মানিকগঞ্জ পৌরসভা  
উপ-পরিচালক (উপসচিব)  
ও স্থানীয় সরকার, মানিকগঞ্জ

সভাপতি


আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি

তারিখ : ১৫/১২/২০২৪ খ্রি.

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/সাধাঃ-২০২৪-১৪৫৩

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ০১। প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
- ০২। জনাব ..... সদস্য পৌরসভা কর্মসম্পাদন সহায়তা কমিটি ও সদস্য আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
- ০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
- ০৪। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
- ০৫। জনাব ..... ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট (CDA), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
- ০৬। কমিটির সহায়ক কর্মকর্তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো
- ০৭। অফিস কপি

  
২৫/১২/২০২৪  
প্রশাসক  
সানজিদা জেসমীন  
মানিকগঞ্জ পৌরসভা প্রশাসক  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ  
উপ-পরিচালক (উপসচিব)  
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি